

## চবির ক্লাস ও সাপ্তাহিক ছুটির নয়া সময়সূচী

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥  
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের  
৫০০তম সভার সিদ্ধান্ত অনুসারে  
আগামী ১ জানুয়ারি থেকে  
বিশ্ববিদ্যালয়ের অফিস ক্লাসের  
সময়সূচী ও সাপ্তাহিক ছুটি  
পুনর্নির্ধারণ করা হয়েছে। অফিস ও  
ক্লাস প্রতিদিন সকাল সাড়ে ৮টা  
থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত  
চলবে। আর সাপ্তাহিক ছুটি থাকবে  
প্রতি শুক্র ও শনিবার।  
প্রাণিবিদ্যা বিভাগ ॥ চবি প্রাণিবিদ্যা  
বিভাগের এমএস (কীটতত্ত্ব)-২০১৩  
এর কোর্স নং-৫০৭ থেকে পরবর্তী  
পরীক্ষাসমূহ আগামী ৩ থেকে ৭  
জানুয়ারি পর্যন্ত প্রতিদিন সকাল  
১০টায় শুরু হবে। বিস্তারিত  
সময়সূচী সংশ্লিষ্ট বিভাগ থেকে  
জানা যাবে।